

স্মারক নং- চাঁবিপ্রবি./রেজি./নিয়োগ/শিক্ষক/২০২৪/৮০১

তারিখঃ ১৫ আষাঢ় ১৪৩১
২৯ জুন ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদগুলো পূরণের নিমিত্ত বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বিভাগ, পদসংখ্যা ও বেতন স্কেল	শর্তাবলী
০১	সহযোগী অধ্যাপক	(ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ: ১টি (খ) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ: ১টি (গ) ব্যবসায় প্রশাসন বিভাগ: ১টি বেতন স্কেল চ: ৫০,০০০-৭১,২০০/- গ্রেড নং-৪	আবেদনকারীকে jobs.cstu.ac.bd ওয়েবসাইটে গিয়ে প্রয়োজনীয় সকল কাগজপত্রের Scanned pdf copy ও আবেদন ফি সহ ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকা থেকে ২৫/০৭/২০২৪ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন ও ফি প্রদানের বিষয়ে বিস্তারিত www.jobs.cstu.ac.bd/How to Apply এই লিঙ্কে পাওয়া যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: https://www.cstu.ac.bd অথবা www.jobs.cstu.ac.bd “Academic Qualifications and Experiences” মেনু থেকে যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করা যাবে। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের Scanned pdf copy সংযুক্ত করতে হবে- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা (যদি থাকে), প্রকাশনা ও অন্যান্য (খ) সদ্য তোলা ৩০০x৩০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের ছবি (jpg file) (গ) জাতীয় পরিচয়পত্র (ঘ) চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র। ক্রেডিট কার্ড/অনলাইন ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০১ থেকে ০৩ নং পদের জন্য আবেদন ফি ৬০০/- (ছয়শত) টাকা (সার্ভিস চার্জ ব্যতীত) পরিশোধ করতে হবে।
০২	সহকারী অধ্যাপক	(ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ: ১টি (খ) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ: ১টি (গ) ব্যবসায় প্রশাসন বিভাগ: ১টি বেতন স্কেল চ: ৩৫,৫০০-৬৭,০১০/- গ্রেড নং-৬	
০৩	প্রভাষক	(ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ: ২টি (খ) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি বিভাগ: ২টি (গ) ব্যবসায় প্রশাসন বিভাগ: ২টি বেতন স্কেল চ: ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড নং-৯	

প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

- আগ্রহী প্রার্থীকে আগামী ২৫/০৭/২০২৪ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- আবেদনকারী যে বিভাগ ও পদের জন্য আবেদন করতে চায় সে অনুযায়ী cstu.ac.bd/jobs ওয়েবসাইটে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Apply বাটনে ক্লিক করলে ই-মেইল এবং এসএমএস এর মাধ্যমে প্রয়োজনীয় user id, Password এবং Application link পাবেন।
- উক্ত Application link ক্লিক করে প্রাপ্ত আইডি এবং Password এর মাধ্যমে login করে প্রয়োজনীয় সকল তথ্য আপলোড করে অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ক্রমিক নং- ০১ হতে ০৩ এ বর্ণিত পদের জন্য Online -এ আবেদন পত্র Submit করার পর Online -এ Generated আবেদনপত্র Print করে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং- ০১ হইতে ০৩ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট করে পূর্ণাঙ্গ আবেদন আগামী ২৮/০৭/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে “রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাড়ুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০” এর বরাবর পৌঁছাতে হবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ ই-মেইল, এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সাক্ষ্যকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- অসম্পূর্ণ/ক্রেডিটপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।



প্রকৌশলী মেজর মো. আবদুল হাই (অবঃ)
রেজিস্ট্রার
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়